# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ সুন্নত ও নফল নামায

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মাগরেবের সুন্নত

পূর্বের কয়েকটি হাদীসে উল্লেখ হয়েছে যে, মাগরেবের পর ২ রাকআত সুন্নত মহানবী (ﷺ) ত্যাগ করতেন না। তবে এই সুন্নত তিনি ঘরে পড়তেন। একদা মাগরেবের পর তিনি বললেন, “এই ২ রাকআত তোমরা নিজ নিজ ঘরে গিয়ে পড়।” (আহমাদ, মুসনাদ, আবূদাঊদ, সুনান, তিরমিযী, সুনান, নাসাঈ, সুনান, মিশকাত ১১৮২নং)

মাগরেবের সুন্নতেও ফজরের সুন্নতের মতই প্রথম রাকআতে সূরা কাফিরূন এবং দ্বিতীয় রাকআতে সূরা ইখলাস পড়া সুন্নত। হযরত ইবনে মাসঊদ (রাঃ) বলেন, ‘আমি গুনতে পারি না যে, নবী (ﷺ) মাগরেবের পর ও ফজরের পূর্বের সুন্নতে কতবার সূরা কাফিরূন ও সূরা ইখলাস পাঠ করেছেন।’ (তিরমিযী, সুনান ৪৩১, ইবনে মাজাহ্, সুনান ১১৬১নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন